# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 01 May, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মো. অহিদুন্নবী (৩৫) নামের এক ব্যবসায়ির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১ মে) ভোরে উপজেলার কাটাছরা ইউনিয়নের তেতৈয়া গ্রামের মাওলানা কবির আহম্মদ বাড়িতে এ ঘটনা ঘটেছে।সে কাটাছরা ইউনিয়নের তেতৈয়া বাজারের ব্যবসায়ি ও তেতৈয়া গ্রামের মৃত নুরুল ইসলামের ছেলে।

প্রতিবেশী এম আরিফ উদ্দিন জানান, বৃহস্পতিবার ভোরে বাড়ির পুকুরে সেচ দিয়ে মাছ ধরতে যান অহিদুন্নবী। পুকুরে বিদ্যুতের লাইন থাকায় তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। দ্রুত উদ্ধার করে মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তৃব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।তার এক ছেলে এক মেয়ে রয়েছে।আজ জোহরের পর জানাযা অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে জানতে মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের মোবাইল নম্বরে অনেক বার বল দিলেও মোবাইল বন্ধ পাওয়া যায়।

জোরারগঞ্জ থানার অফিসার ইনচার্জ সাব্বির মোহাম্মদ সেলিম জানান, বিষয়টি কেউ জানায়নি। পরিবার থেকে কেউ অভিযোগ দিলে তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

চট্টগ্রাম বিদ্যুৎস্পৃষ্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:31

URL: https://timestodaybd.com/across-the-country/7758071708